



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/27/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল জরুরি যোগাযোগ উন্নত করতে এবং নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে 20 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান ঘোষণা করলেন

স্টেট অর্থায়িত কর্মসূচিসমূহ জরুরি সাড়াদান সক্ষমতা উন্নত করার মাধ্যমে স্টেটজুড়ে জরুরি যোগাযোগ ব্যবস্থাকে সমর্থন করে

নতুন প্রকল্প, সরঞ্জাম স্থাপন, উন্নত যোগাযোগ চ্যানেল এবং প্রশিক্ষণ ও অনুশীলনের কাজে তহবিলে ব্যবহার করা হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে জরুরি যোগাযোগ উন্নত করতে এবং নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে সাতটি কাউন্টি এবং নিউ ইয়র্ক সিটিকে 20 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল প্রদান করা হয়েছে। পুরো স্টেটের অতি গুরুত্বপূর্ণ এলাকাসমূহে জননিরাপত্তা যোগাযোগে বিনিয়োগ করার মাধ্যমে স্থানীয় জরুরি সাড়াদান সক্ষমতা উন্নত ও বৃদ্ধি করার ক্ষেত্রে কাউন্টি সরকারসমূহকে সহায়তা করার কাজে স্টেটব্যাপী ইন্টারঅপারেবল যোগাযোগ অনুদান কর্মসূচির তহবিল ব্যবহার করা হবে।

"জননিরাপত্তা আমার এক নম্বর অগ্রাধিকার, এবং মানুষকে জরুরি পরিস্থিতিতে সুরক্ষিত রাখার জন্য তথ্য হলো আমাদের সেরা হাতিয়ার," **গভর্নর হোকল বলেন।** "যোগাযোগ নিরাপদ রাখার জন্য আমাদের জরুরি যোগাযোগ অবকাঠামো অতি গুরুত্বপূর্ণ, এবং এই বিনিয়োগগুলি জরুরি পরিস্থিতি সৃষ্টি হওয়ার পূর্বেই নিউ ইয়র্কবাসীর কাছে পৌঁছানোর ক্ষেত্রে আমাদের সক্ষমতা বৃদ্ধি করবে এবং এর সাড়াদান করার ক্ষেত্রে আমাদের প্রয়াসের সহায়তা করবে।"

2023 স্টেটব্যাপী ইন্টারঅপারেবল যোগাযোগ অনুদান (Statewide Interoperable Communications Grant, SICG) অর্জিত অনুদান কর্মসূচির অধীনে, স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ এই (Division of Homeland Security and Emergency Services, DHSES) 20 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট তহবিল পরিচালনা করবে। SICG অর্জিত কর্মসূচির মূল লক্ষ্য হলো ইন্টারঅপারেবিলিটি অবকাঠামোর শূন্যস্থান পূরণ করা, আঞ্চলিক যোগাযোগের ঘাটতি দূর করা, বাহুল্য ও স্থিতিস্থাপকতা উন্নত করা এবং জাতীয় ইন্টারঅপারেবিলিটি চ্যানেলসমূহের বাস্তবায়ন করা। সকল নিউ ইয়র্ক স্টেট কাউন্টি SICG অর্জিত তহবিলের জন্য আবেদন করার যোগ্য ছিলো। প্রাপকেরা বিভিন্ন জরুরি যোগাযোগ প্রকল্প সম্পাদন করার জন্য এই তহবিল ব্যবহার করতে পারবে, যেমন নতুন সরঞ্জাম স্থাপন, জননিরাপত্তা রেডিও ব্যবস্থার মধ্যে

যোগাযোগ চ্যানেল উন্নত করা, এবং আন্তঃআঞ্চলিক জরুরি যোগাযোগের প্রচার এবং প্রথম সাড়াদানের প্রস্তুতির প্রচারে সমর্থন অনুশীলন করা।

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রেন বলেন, "আমাদের স্থানীয় সাড়াদানকারীর উন্নয়নে এবং বিদ্যমান জরুরি যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়নে সাহায্য করতে এই অর্থ একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, এবং কাউন্টি ও তাদের অংশীদারদের মধ্যে আরো ইন্টারঅপারেবিলিটির প্রচার করবে।"

আজকে ঘোষিত SICG অর্ন্তীষ্ট অনুদানসমূহ নিচে দেওয়া হয়েছে:

কাউন্টি	অনুদানের পরিমাণ	প্রকল্প
ক্যাটারাগাস কাউন্টি	\$178,972.00	রেডিও ব্যবস্থার উপাদান হালনাগাদ করা, যার মধ্যে সার্ভার এবং ডিস্প্যাচ কনসোল রয়েছে, এবং একই সাথে আন্তঃকাউন্টি সংযোগ স্থাপন করা।
শেনাঙ্গ কাউন্টি	\$3,000,000.00	একাধিক এজেন্সিকে একটি একক রেডিও ব্যবস্থার অধীনে আনার জন্য একটি নতুন প্রকল্প 25 ডিজিটাল রেডিও ব্যবস্থা। জাতীয় ইন্টারঅপারেবিলিটি চ্যানেলসমূহের জন্য অতিরিক্ত রেডিও সাইট প্রদান করা।
ডাচেস কাউন্টি	\$3,000,000.00	একটি নতুন প্রকল্প 25 ডিজিটাল রেডিও ব্যবস্থা যার মধ্যে আশেপাশের কাউন্টি এবং MTA-PD এর সাথে ইন্টারঅপারেবিলিটি অন্তর্ভুক্ত থাকবে।
জিনেসি কাউন্টি	\$2,257,429.00	কাউন্টি একটি মুখ্য রেডিও টাওয়ার সাইট প্রতিস্থাপন করবে, যার ফলে জাতীয় ইন্টারঅপারেবিলিটি চ্যানেলের সম্প্রসারণ সম্ভব হবে।
লিভিংস্টন কাউন্টি	\$2,570,999.00	কাউন্টি সকল ব্যান্ডে জাতীয় ইন্টারঅপারেবিলিটি চ্যানেলের সম্প্রসারণ করবে, অজর ফলে কাউন্টিব্যাপী আওতা ও সক্ষমতা উন্নত হবে।
নিউ ইয়র্ক সিটি	\$3,000,000.00	নিউ ইয়র্ক সিটি এই অনুদানের অর্থ ব্যবহার করে জাতীয় ইন্টারঅপারেবিলিটি চ্যানেল হালনাগাদ ও উন্নত করবে, নিউ ইয়র্ক এবং নিউ জার্সি উভয় স্টেটে আশেপাশের কাউন্টিসমূহের সাথে ইন্টারঅপারেবিলিটি উন্নত করবে।
স্কোহারি কাউন্টি	\$3,000,000.00	স্কোহারি কাউন্টি শেয়ার্ড ক্যাপিটাল জেলার শেয়ার্ড ডিজিটাল ট্রান্সড রেডিও ব্যবস্থাকে কাউন্টিতে সম্প্রসারিত করতে এই অনুদানের অর্থ ব্যবহার করবে।
ওয়াশিংটন কাউন্টি	\$2,992,600.00	কাউন্টি প্রতিবেশী কুস্তীদের সাথে একটি শেয়ার্ড রেডিও কোর তৈরি করবে, রেডিও কনসোলসমূহকে পরস্পরের সাথে সংযুক্ত করবে এবং হাডসন নদীর উভয় পাশে ইন্টারঅপারেবিলিটি উন্নত

করার জন্য মাইক্রোওয়েভ নেটওয়ার্ক ব্যবহার করবে।

SICG কর্মসূচি সম্পর্কে আরো তথ্য [এখানে](#) DHSES-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
স্বদেশ নিরাপত্তা ও জরুরি পরিষেবার বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) দুর্ঘটনা এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ করতে, তার বিরুদ্ধে সুরক্ষা প্রদান করতে, প্রস্তুতি নিতে, সাড়া দিতে, পুনরুদ্ধার করতে এবং প্রশমিত করার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য [ফেসবুকে](#), [ইন্সটাগ্রাম](#) এবং [X](#) (পূর্বে Twitter হিসেবে পরিচিত) এ [@NYS DHSES](#) ফলো করুন অথবা ভিজিট করুন [dhSES.ny.gov](#)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](#) -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](#) | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](#) | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)